| |
|---|
| **বর্ণনাকারী:** এই ভিডিওটিতে শরণার্থী দাবির শুনানি সম্পর্কে সহায়ক তথ্য রয়েছে। আরও বিস্তারিত এবং হালনাগাদসমূহ আমাদের ওয়েবসাইটে উপলভ্য: irb.gc.ca |
| **সঙ্গীত:** ভিডিও জুড়ে মৃদু সঙ্গীত পেছনে বাজছে। |
| **বর্ণনাকারী:** ইমিগ্রেশন অ্যান্ড রিফিউজি বোর্ড অফ কানাডা, বা আই.আর.বি (IRB), হচ্ছে কানাডার বৃহত্তম প্রশাসনিক ট্রাইব্যুনাল (বিচারসভা)। |
| **বর্ণনাকারী:** অভিবাসন এবং শরণার্থী সংক্রান্ত বিষয়ে দক্ষতার সাথে, ন্যায্যভাবে এবং আইন অনুসারে যুক্তিসঙ্গত সিদ্ধান্ত নেওয়ার জন্য এটি দায়ী। |
| **বর্ণনাকারী:** দ্যা রিফিউজী প্রোটেকশান ডিভিশন (শরণার্থী সুরক্ষা বিভাগ) বা আর.পি.ডি (RPD) হচ্ছে আই.আর.বি (IRB)-র একটি বিভাগ। প্রতি বছর কানাডায় আসা হাজার হাজার দাবিদারের মধ্যে কে শরণার্থী সুরক্ষার জন্য যোগ্য তা নির্ধারণ করার জন্য আর.পি.ডি (RPD) দায়ী। |
| **বর্ণনাকারী:** যখন আপনি প্রথমে শরণার্থী সুরক্ষার জন্য আবেদন করেন, তখন ইমিগ্রেশন, রিফিউজি এবং সিটিজেনশিপ কানাডা অথবা কানাডা বর্ডার সার্ভিসেস এজেন্সির একজন কর্মকর্তা সিদ্ধান্ত নেন যে আপনি শরণার্থী দাবি করার যোগ্য কিনা। যদি আপনি যোগ্য হন, তাহলে আপনার দাবি আর.পি.ডি (RPD)-তে পাঠানো হয়।<br><br>**বর্ণনাকারী:** আর.পি.ডি (RPD)-তে, একজন সিদ্ধান্ত গ্রহণকারীকে মেম্বার (সদস্য) বলা হয়। একজন মেম্বার সিদ্ধান্ত নেবেন যে আপনি শরণার্থী সুরক্ষার জন্য যোগ্য কিনা, এবং সেই ক্ষেত্রে, আপনি কি একজন কনভেনশন শরণার্থী নাকি এমন ব্যক্তি যার সুরক্ষার প্রয়োজন । |
| **বর্ণনাকারী:** একজন *কনভেনশন রিফিউজি* হলেন এমন একজন ব্যক্তি যিনি তাদের নিজ দেশের অথবা যে দেশে তারা সাধারণত বাস করেন তার বাহিরে আছেন। জাতি, ধর্ম, জাতীয়তা, রাজনৈতিক মতামত, অথবা কোনও নির্দিষ্ট সামাজিক গোষ্ঠীর সদস্যপদে থাকার কারণে নির্যাতিত হওয়ার সুপ্রতিষ্ঠিত ভয়ের কারণে তারা তাদের দেশে ফিরে যেতে পারেন না। |
| **বর্ণনাকারী:** কানাডায় *সুরক্ষার প্রয়োজন আছে একজন ব্যক্তি* হচ্ছেন এক ব্যক্তি যিনি নিরাপদে তাদের দেশে ফিরে যেতে পারেন না। যদি তারা ফিরে যান, তাহলে তারা নির্যাতনের ঝুঁকি, তাদের জীবনের ঝুঁকি, অথবা নিষ্ঠুর ও অস্বাভাবিক আচরণ বা শাস্তির সম্মুখীন হতে পারেন। |
| **বর্ণনাকারী:** আপনার শরণার্থী দাবি সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্যের জন্য আপনাকে দ্যা রিফিউজী প্রোটেকশান ডিভিশন (শরণার্থী সুরক্ষা বিভাগ)-এর ভিডিও সিরিজটি দেখার জন্য আমন্ত্রণ জানানো হচ্ছে। |
| **বর্ণনাকারী:** আপনার শরণার্থী দাবি শুরু করার সময় এবং আর.পি.ডি (RPD)-এর সাথে শুনানির জন্য প্রস্তুতি নেওয়ার সময় আপনার মনে আসতে পারে এমন গুরুত্বপূর্ণ প্রশ্নের উত্তর এই চার ভিডিওর সিরিজটি দেবে।<br><br>**বর্ণনাকারী:** আমরা আপনাকে সিরিজের চারটি ভিডিও-র সবগুলি দেখার জন্য উৎসাহিত করছি। আসুন দেখে নেওয়া যাক প্রতিটি ভিডিও কী সম্পর্কে। |

| |
|---|
| **বর্ণনাকারী:** প্রথম ভিডিওটির নাম "আপনার শরণার্থী সুরক্ষা দাবির জন্য প্রমাণ কীভাবে সংগ্রহ এবং জমা করবেন"। এই ভিডিওটি শুরু করার জন্য একটি ভাল জায়গা। এটি আপনাকে কানাডায় শরণার্থী দাবি প্রক্রিয়ার একটি সারসংক্ষেপ দেয়। |
| **বর্ণনাকারী:** এই ভিডিওতে, আপনি আপনার দাবির সমর্থনে বিভিন্ন ধরণের প্রমাণ যা সংগ্রহ করতে হবে এবং আর.পি.ডি (RPD)-তে এই প্রমাণ কীভাবে জমা দিতে হবে সে সম্পর্কে শিখবেন। শরণার্থী দাবি প্রক্রিয়ার মাধ্যমে কে আপনাকে সাহায্য করতে পারে সে সম্পর্কেও আপনি জানবেন। |
| **বর্ণনাকারী:** ভিডিওটিতে বেসিস অফ ক্লেইম (দাবির ভিত্তি) ফর্ম এবং কেন এই ফর্মটি আপনার দাবির জন্য গুরুত্বপূর্ণ তা নিয়েও আলোচনা করা হয়েছে। বেসিস অফ ক্লেইম (দাবির ভিত্তি) ফর্মটি আপনাকে ব্যাখ্যা করতে সাহায্য করবে যে আপনি কে এবং কেন আপনি কানাডায় শরণার্থী সুরক্ষা দাবি করছেন। আপনার বেসিস অফ ক্লেইম (দাবির ভিত্তি) ফর্মের সবকিছু সম্পূর্ণ, সত্য এবং সঠিক হওয়াটা খুবই গুরুত্বপূর্ণ, কারণ এই তথ্য আর.পি.ডি (RPD) মেম্বারকে আপনার শরণার্থী দাবির সিদ্ধান্ত নিতে সাহায্য করে। |
| **বর্ণনাকারী:** দ্বিতীয় ভিডিওটির নাম "আপনার শুনানিতে যোগদানের আগে আপনার যা জানা প্রয়োজন"। এই ভিডিওটি আর.পি.ডি (RPD)-র সাথে শুনানির জন্য প্রস্তুত হতে আপনাকে সাহায্য করবে। |
| **বর্ণনাকারী:** ভিডিওটি ব্যাখ্যা করে কিভাবে আপনি আপনার শুনানির তারিখ এবং সময় সন্ধান করবেন।<br><br>**বর্ণনাকারী:** শুনানির প্রক্রিয়ায় কে আপনাকে সাহায্য করতে পারে সে সম্পর্কেও আপনি আরও জানতে পারবেন। উদাহরণস্বরূপ, আপনি একজন আইনজীবী, একজন অভিবাসন পরামর্শদাতা, একজন নোটারি পাবলিক, অথবা একজন প্যারালিগ্যালকে আপনার পরামর্শদাতা হিসেবে নিয়োগ করতে পারেন, অথবা আপনার পরিবারের একজন সদস্য বা বন্ধুকে দিয়েও আপনার প্রতিনিধিত্ব করাতে পারেন। আপনি নিজেও নিজেকে প্রতিনিধিত্ব করতে পারেন। |
| **বর্ণনাকারী:** আপনি আরও জানতে পারবেন যে আপনার শুনানিতে আপনি, আপনার আইনজীবী এবং আর.পি.ডি (RPD) মেম্বার ছাড়া আর কারা থাকতে পারেন এবং তারা কেন সেখানে আছেন।<br><br>**বর্ণনাকারী:** এর মধ্যে মিনস্টার্স কাউন্সেল (মন্ত্রীর আইনজীবী), একজন দোভাষী, একজন সাক্ষী এবং একজন পর্যবেক্ষক অন্তর্ভুক্ত থাকতে পারেন। |
| **বর্ণনাকারী:** ভার্চুয়াল শুনানি কীভাবে কাজ করে তা ভিডিওটি আপনাকে ব্যাখ্যা করবে এবং আপনার শুনানির জন্য কীভাবে প্রস্তুতি নেবেন সে সম্পর্কে সহায়ক উপদেশ দেবে। |
| **বর্ণনাকারী:** যদি আপনার অন্য ধরণের শুনানির প্রয়োজন হয়, যেমন একটি আই.আর.বি (IRB) অফিসে সশরীরে শুনানি, তাহলে সেই অনুরোধটি কীভাবে করতে হবে তা এই ভিডিওটি আপনাকে বলবে। |
| **বর্ণনাকারী:** তৃতীয় ভিডিওটির নাম "আপনার শরণার্থী সুরক্ষা শুনানি"। এই ভিডিওটি সম্পূর্ণরূপে আপনার শুনানির দিন সম্পর্কে। |
| **বর্ণনাকারী:** এটি ব্যাখ্যা করে যে আপনার শুনানি কীভাবে এগিয়ে যাবে এবং প্রশ্নোত্তর কীভাবে হয়। |
| **বর্ণনাকারী:** আপনার শুনানিতে বিবেচনা করা যেতে পারে এমন কিছু আইনি বিষয় সম্পর্কেও আপনি জানতে পারবেন। এর মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে: পরিচয়, বিশ্বাসযোগ্যতা, রাষ্ট্রীয় সুরক্ষা এবং ইন্টারন্যাল ফ্লাইট অল্টার্নেটিভ (অভ্যন্তরীণ ফ্লাইট বিকল্প)-এর মত বিষয়সমূহ। |
| **বর্ণনাকারী:** ভিডিওটি আরও ব্যাখ্যা করে আর.পি.ডি (RPD) কীভাবে আপনার দাবির বিষয়ে মেম্বার-এর সিদ্ধান্ত আপনাকে জানাবে এবং আপনার সিদ্ধান্ত পাওয়ার পরে আপনি কী কী পদক্ষেপ নিতে পারেন। |

| |
|---|
| **বর্ণনাকারী:** চতুর্থ এবং শেষ ভিডিওটির নাম "শরণার্থী দাবি প্রক্রিয়া এবং পদ্ধতি সম্পর্কে আপনার প্রশ্নের উত্তর"। এই ভিডিওটিতে শরণার্থী দাবি প্রক্রিয়া এবং অন্যান্য আর.পি.ডি (RPD) পদ্ধতিসমূহ সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য তুলে ধরা হয়েছে। |
| **বর্ণনাকারী:** আপনি বেসিস অফ ক্লেইম (দাবির ভিত্তি) ফর্ম সম্পর্কে আরও জানতে পারবেন, যার মধ্যে অন্তর্ভূক্ত রয়েছে ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ, আপনার বেসিস অফ ক্লেইম ফর্মে তথ্য হালনাগাদ বা যোগ করার নির্দেশাবলী এবং আর.পি.ডি (RPD)-তে ফর্মটি কীভাবে পাঠাতে হয় সে সম্পর্কে বিশদ তথ্য। |
| **বর্ণনাকারী:** আপনি আপনার দাবির সাথে সম্পর্কিত অন্যান্য গুরুত্বপূর্ণ শেষ তারিখ সম্পর্কেও জানতে পারবেন এবং আর.পি.ডি (RPD)-তে কীভাবে নথি জমা দিতে হবে সে সম্পর্কে আরও জানতে পারবেন। ভিডিওটিতে আপনাকে বলা হয়েছে যে নথি প্রস্তুত এবং জমা দেওয়ার জন্য আরও সময় প্রয়োজন হলে কী করতে হবে। |
| **বর্ণনাকারী:** সিরিজের চারওটি ভিডিও দেখার মাধ্যমে, আপনি শরণার্থী দাবির প্রক্রিয়া এবং পদ্ধতি সম্পর্কে আরও স্পষ্ট ধারণা পাবেন এবং আপনার শুনানির জন্য আরও ভালভাবে প্রস্তুত থাকবেন। |
| **বর্ণনাকারী:** আর মনে রাখবেন, যদি আপনার আর.পি.ডি (RPD)-তে শরণার্থী দাবি থেকে থাকে, তাহলে আপনার যোগাযোগের তথ্য হালনাগাদ রাখা গুরুত্বপূর্ণ।<br><br>**বর্ণনাকারী:** যদি আপনার ঠিকানার পরিবর্তন হয়, অথবা যদি আপনার যোগাযোগের তথ্যের পরিবর্তন হয়, তাহলে আই.আর.বি (IRB)-কে লিখে জানান, যাতে আমরা সর্বদা আপনার সাথে যোগাযোগ করতে পারি। |
| **বর্ণনাকারী:** শরণার্থী দাবি প্রক্রিয়া সম্পর্কে হালনাগাদ তথ্যের জন্য, আই.আর.বি (IRB)-এর ওয়েবসাইটে যান অথবা সাধারণ প্রশ্নের জন্য আমাদের শুল্কমুক্ত নম্বর 1-833-931-5121-এ কল করুন। |
| **বর্ণনাকারী:** আপনি স্ক্রিন-এর কিউ.আর (QR) কোডটি স্ক্যান করে *কনট্যাক্ট আস* (*আমাদের সাথে যোগাযোগ করুন*) পৃষ্ঠাটিতে যেতে পারেন, যেখানে আপনি কোথায় নথি জমা দিতে হবে এবং আপনার কোনও প্রশ্ন থাকলে কীভাবে আমাদের সাথে যোগাযোগ করবেন সে সম্পর্কে তথ্য পাবেন। |